# মেসির জাদুতে ইন্টার মায়ামির স্বস্তির জয়



লিওনেল মেসি। ছবি: সংগৃহীত

দীর্ঘ অপেক্ষার পর অবশেষে নতুন স্টেডিয়ামে জয়ের হাসি হাসল ইন্টার মায়ামি। লিওনেল মেসির এক গোল ও এক অ্যাসিস্টে পোর্টল্যান্ড টিম্বার্সকে ২-০ গোলে হারিয়েছে দলটি। রোববারের এই জয়ে নতুন ভেন্যুতে টানা চার ম্যাচের হতাশা কাটাল মায়ামি।

ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে স্বাগতিকরা। ৩১তম মিনিটে লুইস সুয়ারেজের সঙ্গে দারুণ সমন্বয়ে গোলের সূচনা করেন মেসি। বক্সের ভেতরে সেগোভিয়ার বাড়ানো বল বাঁ পায়ের নিখুঁত শটে জালে পাঠান আর্জেন্টাইন মহাতারকা।

প্রথমার্ধের শেষ দিকে আবারও নিজের জাদু দেখান মেসি। সুয়ারেজের সঙ্গে দ্রুত পাস আদান-প্রদানের পর দুই ডিফেন্ডারকে কাটিয়ে জার্মান বার্তেরামেকে নিখুঁত পাস দেন তিনি। সহজ সুযোগ কাজে লাগিয়ে ব্যবধান দ্বিগুণ করেন মেক্সিকান ফরোয়ার্ড।

পুরো ম্যাচেই মেসিকে থামাতে হিমশিম খেতে হয় টিম্বার্সের রক্ষণভাগকে। স্টপেজ টাইমে তার দুর্দান্ত ফ্রি কিক গোলের দিকেই যাচ্ছিল, তবে গোলরক্ষক জেমস পান্তেমিস অসাধারণ সেভ করে দলকে আরও বড় ব্যবধানের হার থেকে বাঁচান।

এই জয়ের মাধ্যমে নতুন স্টেডিয়ামে প্রথম পূর্ণ তিন পয়েন্ট পেল ইন্টার মায়ামি। এর আগে একই মাঠে তিনটি ড্র ও একটি হার দেখেছিল দলটি। বিশ্বকাপ বাছাইপর্বের বিরতির আগে ফিলাডেলফিয়া ইউনিয়নের বিপক্ষে আরও একটি ম্যাচ খেলবে মায়ামি। এরপর আর্জেন্টিনা জাতীয় দলের ক্যাম্পে যোগ দেওয়ার কথা রয়েছে মেসি ও রদ্রিগো ডি পলের।